রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৩৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২২, ২০১৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৩১—৫৩৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০৫৯—১০৮৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৮৭—১৯৮ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০৭৫—১১১৬ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫৫—৫৬ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**বিধি-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৫ মে ২০১৩

**নং ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩**—সরকারি সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/পরিদপ্তর এর ক্ষেত্রে রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হইল ঃ

(ক) মন্ত্রণালয়/বিভাগের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন কমিটি ঃ

**আহ্বায়ক/সভাপতি**

(১) যুগ্ম-সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে)

(৩) উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (অর্থ বিভাগের প্রতিনিধি হিসেবে)

(৪) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের একজন প্রতিনিধি

**সদস্য-সচিব**

(৫) উপ-সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(খ) অধিদপ্তর/পরিদপ্তর এর জন্য গঠিত বিভাগীয় নির্বাচন কমিটি ঃ

**আহ্বায়ক/সভাপতি**

(১) পরিচালক/সদস্য (যুগ্ম-সচিব পদমর্যাদাসম্পন্ন), সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

**সদস্যবৃন্দ**

(২) উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে)

(৩) উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসনিক মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে)

(৪) বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের একজন প্রতিনিধি (যদি সম্ভব হয়)

**সদস্য-সচিব**

(৫) উপ-পরিচালক, সংশ্লিষ্ট অধিদপ্তর/পরিদপ্তর

২। বিভাগীয় নির্বাচন কমিটি গঠন সংক্রান্ত পূর্বে জারিকৃত সিদ্ধান্তসমূহের সংশোধনক্রমে এই সিদ্ধান্ত জারি করা হইল।

তারিখ, ২০ আষাঢ় ১৪২০/৪ জুলাই ২০১৩

**নং ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-২৩৫**—মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/পরিদপ্তরের ক্ষেত্রে রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৫-৫-২০১৩ তারিখের ০৫.১৭০.০২২.২০.০০.০৪৩.২০১০-১৪৩ নম্বরে একটি স্বারকপত্র জারী করা হয়। স্বারকপত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর জন্য যুগ্ম-সচিব-কে এবং অধিদপ্তর/পরিদপ্তর এন জন্য পরিচালক/সদস্য (যুগ্ম-সচিব পদ মর্যাদাসম্পন্ন)-কে আহ্বায়ক/সভাপতি করে দু'টি পৃথক কমিটি গঠনের নির্দেশনা দেয়া হয়েছে। অধিদপ্তর/পরিদপ্তর এর ক্ষেত্রে যুগ্ম-সচিব পদমর্যাদার কোন কর্মকর্তা না থাকলে উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তা উক্ত কমিটির আহ্বায়ক/সভাপতি হতে পারবেন।

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

**বিধি-৪ শাখা**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ১৩ আষাঢ় ১৪২০/২৭ জুন ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-১৬৩**—নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ৬ জুলাই, ২০১৩ তারিখ শনিবার গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন, নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলার সোনাইমুড়ী পৌরসভার সাধারণ নির্বাচন এবং নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার আড়াইহাজার ও গোপালদী পৌরসভার সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণ উপলক্ষে নির্বাচন সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে ভোটের দিন ৬ জুলাই ২০১৩/২২আষাঢ় ১৪২০ তারিখ শনিবার গাজীপুর সিটি কর্পোরেশন এলাকায়, নোয়াখালী জেলার সোনাইমুড়ী উপজেলার সোনাইমুড়ী পৌরসভা এলাকায় এবং নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার আড়াইহাজার ও গোপালদী পৌরসভা এলাকায় সাধারণ ছুটি (সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এবং পৌরসভা এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-১৬৪**—নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ৩ জুলাই, ২০১৩ তারিখ বুধবার জাতীয় সংসদের ১৬৫ কিশোরগঞ্জ-৪ নির্বাচনী এলাকার শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণ উপলক্ষে জাতীয় সংসদের ১৬৫ কিশোরগঞ্জ-৪ নির্বাচনী এলাকায় সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে ভোটের দিন ৩ জুলাই ২০১৩/১৯আষাঢ় ১৪২০ তারিখ বুধবার দিন জাতীয় সংসদের ১৬৫ কিশোরগঞ্জ-৪ নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি (সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ এস এম মুস্তাফিজুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

**শৃংখলা-২(৪) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ জুলাই ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৮৩.০৪.০০৩(অংশ-২).৯৩-২৪৭**—যেহেতু মৃত তপন কুমার দে (আইডি ১৮৩৭) প্রাক্তন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা বিভাগীয় মামলায় সরকারি চাকুরি হতে বরখাস্তকৃত (Dismissal From Service) এর বিধবা স্ত্রী মিসেস মিনতি দে স্বামীর পক্ষে অনুকম্পা ভাতা হিসেবে পেনশন, আনুতোষিকসহ অন্যান্য ভাতার জন্য মহামান্য রাষ্ট্রপতির বরাবর আবেদন করেন;

যেহেতু মহামান্য রাষ্ট্রপতি তার আবেদনটি বিবেচনাপূর্বক বিধি মোতাবেক করুণা/অনুকম্পা ভাতা পাওয়ার জন্য নথি সার-সংক্ষেপ আকারে মাননীয় প্রধানমন্ত্রীর মাধ্যমে প্রেরণের নির্দেশ দেন এবং রাষ্ট্রপতির কার্যালয় হতে তার আবেদনপত্রটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়;

যেহেতু উক্ত আবেদনের প্রেক্ষিতে মৃত তপন কুমার দে'র বিধবা স্ত্রী মিসেস মিনতি দে'র অনুকূলে অনুকম্পা ভাতা প্রদান করার বিষয়ে বিধি অনুবিভাগের মতামত চাওয়া হলে বিধি অনুবিভাগ " সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১২(২) মর্মানুসারে বরখাস্তকৃত কর্মকর্তা মৃত তপন কুমার দে (১৮৩৭) এর কৃপা অভসরভাতা মঞ্জুরির বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি বরাবর সার-সংক্ষেপ প্রেরণে বিধিগত বাধা নেই" মর্মে মতামত প্রদান করে;

যেহেতু, বিধি অনুবিভাগের মতামত, পূর্ব নজীর ও সংশ্লিষ্ট কাগজপত্রসমূহ পরীক্ষা নিরীক্ষান্তে মহামান্য রাষ্ট্রপতি বরাবর মিসেস মিনতি দে কর্তৃক বিগত ২৫-২-২০১৩ তারিখে দাখিলকৃত আবেদন এবং মৃত তপন কুমার দে'র পরিবারের সদস্যদের আর্থিক অসচ্ছলতার বিষয়টি মানবিক বিবেচনায় মৃত তপন কুমার দে চাকুরিচ্যুতির তারিখ হইতে বি,এস,আর পার্ট-১ এর ২৪৯ বিধি অনুযায়ী সিনিয়র সহকারী সচিব হিসেবে চাকুরিচ্যুতির সময়ে প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে পেনশনের অর্ধেক বা দুই তৃতীয়াংশ (২/৩ অংশ) অথবা ভিন্ন কোন পরিমাণ Companssionate Allowance প্রচলিত বিধি বিধান অনুসারে প্রদান করার প্রস্তাব প্রেরণ করা হলে মহামান্য রাষ্ট্রপতি উল্লিখিত কর্মকর্তার (বর্তমানে

মৃত) স্ত্রীর আবেদনটি মানবিক বিবেচনায় উক্ত কর্মকর্তার চাকুরীচ্যুতির সময়ে প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে পেনশনের দুই তৃতীয়াংশ (২/৩ অংশ) অনুকম্পা ভাতা প্রচলিত বিধি-বিধান অনুসারে প্রদান করা যায় মর্মে সানুগ্রহ হয়ে অনুমোদন করেন;

এক্ষণে, সেহেতু, মৃত তপন কুমার দে (আইডি ১৮৩৭) এর বিবধা স্ত্রী মিসেস মিনতি দে'র অনুকূলে বিএস আর পার্ট-১ এর বিধি ২৪৯ অনুযায়ী মৃত তপন কুমার দে (আইডি ১৮৩৭) প্রাক্তন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা এর চাকুরিচ্যুতির সময়ে সিনিয়র সহকারী সচিব হিসেবে প্রাপ্ত মূল বেতনের ভিত্তিতে পেনশনের দুই তৃতীয়াংশ (২/৩ অংশ) অনুকম্পা ভাতা প্রচলিত বিধিবিধান অনুসারে প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

---

## মাঠ প্রশাসন-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৬ আষাঢ় ১৪২০/২০ জুন ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৩৭.১৫.০৪৯.১২-১৮৯**—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতি, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৪ এর ২১-৪-২০১৩ তারিখের ০৭.১৫৪.০১৫.০৫.০০.০০৬.২০১২-১৩৮ নং স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন শাখা-২ এর ৩০-৫-২০১৩ তারিখের ০৭.০০.০০০০.১৬২.০৫.০০৮.১২-১১৪ নং স্মারকের পরিপ্রেক্ষিতে এবং সংশ্লিষ্ট সকলের অনুমোদনক্রমে চট্টগ্রাম মহানগর এলাকায় নবসৃষ্ট ২টি উপজেলা ভূমি অফিস এর জন্য সহকারী কমিশনার (ভূমি)'র (১+১)=২ (দুই)টি পদ স্থায়ীকরণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ

| পদের নাম ও সংখ্যা | প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত বেতন স্কেল | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত বেতন স্কেল, ২০০৯ | বেতন নির্ধারণের শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| সহকারী কমিশনার (ভূমি) ১×২=০২ | ১১০০০-২০৩৭০ | ১১০০০-২০৩৭০ (৯ম গ্রেড) | বি.সি.এস. (প্রশাসন) ক্যাডার কর্মকর্তাদের মধ্য হতে পদায়নের শর্তে। |

২। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

**মোঃ সোহেল ইমাম খান**
উপসচিব।

---

## মাঠ প্রশাসন-৫

### প্রজ্ঞাপন

তারিখ, ৩ আষাঢ় ১৪২০/১৭ জুন ২০১৩

**নং ০৫.০০.০০০০.১৪১.২৭.০১১.১৩-১১০**—যেহেতু, জনাব মোঃ কবির হোসেন সরদার (১৫১৯৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, উপজেলা নির্বাহী অফিসার হিসেবে ঢাকা জেলার সাভার উপজেলায় কর্মরত থাকাকালীন সাভার উপজেলার 'রানা প্লাজা' নামক বহুতল ভবনে ফাটলের বিষয়ে সংবাদ মাধ্যমে অনাকাঙ্খিত মন্তব্য করায়, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে ঘটনা সম্পর্কে যথাসময়ে অবহিত না করে নিজ দায়িত্বে অবহেলা ও শৈথিল্য প্রদর্শন করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী দণ্ডনীয় অপরাধ করেছেন;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি **১১** অনুযায়ী জনাব মোঃ কবির হোসেন সরদার (১৫১৯৬)-কে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুস সোবহান সিকদার**
সিনিয়র সচিব।

---

## অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ২০ জুন ২০১৩

**নং ০৫.২০০.০০৬.০০.০১.০৯৩.২০০৪-১৪২**—বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫(১)(জি) ও ৫(১)(কে) ধারা মোতাবেক প্রজ্ঞাপন জারির তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য সরকার নিম্নোক্ত বিশিষ্ট ব্যক্তিকে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে'র বোর্ড অব গভর্ণরস এর সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করেছেন :

জনাব মোঃ মোস্তাফিজুর রহমান খান, সহযোগী অধ্যাপক এবং চেয়ারম্যান, লোক-প্রশাসন বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেদোয়ান আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

## কল্যাণ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৫ আষাঢ় ১৪২০/১৯ জুন ২০১৩

**নং ০৫.১২৩.০০০.০০.০০.০২৬.২০১৩-১৪৬**—বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস কর্মসূচীর আওতায় স্টাফবাস পার্কিং এবং গ্যারেজের জন্য স্থান নির্বাচন, সরেজমিনে পরিদর্শন ও সম্ভাব্যতা পরীক্ষা-নিরীক্ষা করে প্রতিবেদন/মতামত প্রদানের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (প্রশাসন)/যুগ্ম-সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) উপসচিব গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

(৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর

(৪) সহঃ প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর

(৫) সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার)

(৬) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (উপসচিব পদমর্যাদার)

**সদস্য-সচিব**

(৭) পরিচালক (কর্মসূচী ও যৌথবীমা), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

গঠিত কমিটি ১ মাসের মধ্যে উক্ত ৪টি স্থান সরেজমিনে পরিদর্শন করে গ্যারেজ নির্মাণের জন্য উপযুক্ত কিনা সে বিষয়ে এবং আরও কোন উপযুক্ত স্থান পাওয়া যায় কিনা তা সরেজমিনে পরিদর্শন করে সে বিষয়ে মতামতসহ প্রতিবেদন সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবরে প্রেরণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মশিউর রহমান তালুকদার**
সিনিয়র সহকারী সচিব।